

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৭১

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ মানুষের অঙ্গ-প্রত্যঙ্গ কিয়ামতের দিন তার বিপক্ষে সাক্ষ্য দিবে

আরবী

71 عَنْ أَبِي هُرَيْرَةَ _رَضِيَ اللَّهُ عَنْهُ _ قَالَ: قَالُوا: يَا رَسُولَ اللَّهِ هَلْ نَرَى رَبَّنَا يَوْمَ الْقَيَامَةِ؟ قَالُوا: لَا الْقَيَامَةِ؟ قَالُوا: لَا. قَالَ: ﴿ هَوَ الَّذِي الْقَيَامَةِ؟ قَالُوا: لَا. قَالَ: ﴿ هَوَ الَّذِي النَّهِي بِيَدِهِ لَا تُضَارُونَ فِي رُوْيَةٍ الْقَمَرِ لَيْلُةَ الْبَدْرِ لَيْسَ فِي سَحَابَةٍ؟ قَالُوا: لَا. قَالَ: ﴿ هَوَ الَّذِي لَفُسِي بِيَدِهِ لَا تُضَارُونَ فِي رُوْيَةٍ الْقَمَرِ لَيْلُةَ الْبَدْرِ لَيْسَ فِي سَحَابَةٍ؟ قَالُوا: لَا. قَالَ: هَيَلْقَى نَفْسِي بِيَدِهِ لَا تُضَارُونَ فِي رُوْيَةٍ رَبِّكُمْ إِلَّا كَمَا تُضَارُونَ فِي رُوْيَةٍ أَحْدِهِمَا، قَالَ: هَيَلْقَى الْفَانِي بَيْدُولُكَ وَأُسْخِرْ لَكَ الْخَيْلَ وَالْإِبلَ وَأَذَرُكَ تَرْأَسُ وَتَرْبَعُ ، فَيَقُولُ: لَا. هَيَقُولُ: لَا. هَيَقُولُ: لَا هَيْقُولُ: لَا الْمَالِي وَأَذَرُكَ مَا نَسِيتَنِي، ثُمَّ يَلْقَى النَّانِيَ، هَيَقُولُ: أَيْ فُلْ أَلَمْ أُكْرِمْكَ وَأُسْوِدُكَ وَأُرْوَجُكَ وَأُسْخِرْ لَكَ الْخَيْلَ وَالْإِبلَ وَأَذَرُكَ تَرْأَسُ وَتَرْبَعُ ، فَيَقُولُ: لَلَى الْخَيْلَ وَالْإِبلَ وَأَذَرُكَ تَرْأَسُ وَتَرْبَعُ ، فَيَقُولُ: لَلَى الْعَيْلَ وَالْإِبلَ وَأُذَرُكَ تَرْأَسُ وَتَرْبَعُ ، فَيَقُولُ: لَلَى الْخَيْلَ وَالْإِبلَ وَأُذَرُكَ تَرْأَسُ وَتَرْبَعُ ، فَيَقُولُ: لَكَ الْخَيْلَ وَالْإِبلَ وَأَذَرُكَ تَرْأَسُ وَتَرْبَعُ ، فَيَقُولُ: لَلَى الْخَيْلَ وَالْمِلِكَ وَمِرُسُلُكَ وَصَالَيْتُ وَصَمُعْتُ وَتَصَدَّقْتُ وَيُقُلِكَ الْمُعَلِّ وَنَلِكَ لِيُعْذِر مِنْ نَفْسِهِ وَذَلِكَ الْمُنَافِقُ وَلَكَ الْمُنَافِقُ وَلَكِكَ الْمُنَافِقُ وَلَكِكَ الْمُنَافِقُ وَذَلِكَ الْمُنَافِقُ وَذَلِكَ الْمُنَافِقُ وَذَلِكَ اللَّهُ عَلَيْهِ وَذَلِكَ المُعَلِي وَذَلِكَ الْمُنَافِقُ وَذَلِكَ الْمُنَافِقُ وَذَلِكَ اللَّهُ عَلَيْهِ وَذَلِكَ الْمُنَافِقُ وَذَلِكَ الْمُنَافِقُ وَذَلِكَ اللَّهُ عَلَيْهِ وَذَلِكَ الْمُنَافِقُ وَلَكَ الْمُنَافِقُ وَلَكَ الْمُنَافِقُ وَلَلْ اللَّهُ عَلَيْهُ الللَّهُ عَلَيْهُ اللَّهُ اللَّهُ عَلَيْهُ اللَّهُ الْمُنَافِقُ وَلَكَ الْمُنَافِقُ وَ

বাংলা

৭১. আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: "তারা বলল: হে আল্লাহর রাসূল কিয়ামতের দিন আমরা কি আমাদের রবকে দেখব? তিনি বললেন: "তোমরা কি ভর দুপুরে মেঘ মুক্ত আকাশে সূর্য দেখায় সন্দেহ কর? তারা বলল: না। তিনি বললেন: তোমরা কি চৌদ্দ তারিখের রাতে মেঘহীন আকাশে চাঁদ দেখায় সন্দেহ কর? তারা বলল: না। তিনি বললেন: তার সন্ত্বার কসম যার হাতে আমার নফস, তোমরা তোমাদের রবকে দেখায়



সন্দেহ করবে না, যেমন তোমরা সন্দেহ কর না সূর্য-চাঁদ কোনো একটি দেখার ক্ষেত্রে। তিনি বলেন: আল্লাহ বান্দার সাথে সাক্ষাৎ করবেন অতঃপর বলবেন: হে অমুক আমি কি তোমাকে সম্মানিত করি নি, তোমাকে নেতৃত্ব দেই নি, তোমাকে বিয়ে করাই নি এবং তোমার জন্য ঘোড়া ও উট অনুগত করে দেইনি, আমি কি তোমাকে সুযোগ দেই নি তুমি নেতৃত্ব দিয়েছ ও ভোগ করেছ? সে বলবে: অবশ্যই। তিনি বলেন: অতঃপর তিনি বলবেন: তুমি কি ভেবেছ আমার সাথে তুমি সাক্ষাৎকারী? সে বলবে: না। অতঃপর তিনি বলবেন: নিশ্চয় আমি তোমাকে ছেড়ে দেব যেমন তুমি আমাকে ছেড়ে গিয়েছিলে। অতঃপর দ্বিতীয় ব্যক্তির সাথে সাক্ষাৎ করবেন এবং বলবেন: হে অমুক আমি কি তোমাকে সম্মানিত করি নি, তোমাকে নেতৃত্ব দেই নি, তোমাকে বিয়ে করাই নি এবং তোমার জন্য ঘোড়া ও উট অনুগত করে দেইনি, আমি কি তোমাকে সুযোগ দেই নি তুমি নেতৃত্ব দিয়েছ ও ভোগ করেছ? সে বলবে: অবশ্যই হে আমার রব। তিনি বলেন: অতঃপর তিনি বলবেন: তুমি কি ভেবেছ আমার সাথে তুমি সাক্ষাৎকারী? সে বলবে: না। অতঃপর তিনি বলবেন: নিশ্চয় আমি তোমাকে ছেড়ে দেব যেমন তুমি আমাকে ছেড়ে গিয়েছিলে। অতঃপর তৃতীয় ব্যক্তির সাথে সাক্ষাৎ করবেন, তাকেও অনুরূপ বলবেন, সে বলবে: হে আমার রব আমি তোমার ওপর, তোমার কিতাব ও রাসুলদের ওপর ঈমান এনেছি, সালাত আদায় করেছি, সিয়াম পালন করেছি, সদকা করেছি, সে ইচ্ছামত গুণাগুণ বর্ণনা করবে। তিনি বলবেন: তাহলে অপেক্ষা কর, তিনি বলেন: অতঃপর তাকে বলা হবে: এখন আমি তোমার বিপক্ষে আমার সাক্ষী উপস্থিত করছি। সে অন্তরে চিন্তা করবে আমার বিপক্ষে কে সাক্ষী দিবে, তখন তার মুখে কুলুপ এঁটে দেয়া হবে, এবং তার রান, মাংস ও হাডিডকে বলা হবে: কথা বল, ফলে তার রান, মাংস ও হাডিড তার আমলের বর্ণনা দিবে। আর এটা এ জন্যে যে, যেন সে লোক আল্লাহর কাছে ওজর পেশ করতে না পারে, সে হচ্ছে মুনাফিক, তার ওপরই আল্লাহর অসম্ভুষ্টি আরোপ হবে"। [মুসলিম ও আবৃ দাউদ] হাদিসটি সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন